


প্রতিনিধি এ সময় কক্ষে কোন জিনিসপত্রই দেখতে পাননি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান ছাত্রদের উত্তেজনা প্রশমনের স্বার্থে বিশ্ববিদ্যালয় এলাকা ছেড়ে যাবার জন্য পুলিশকে বার বার অনুরোধ করেন। তবে, এই রিপোর্ট লেখা পর্যন্ত পুলিশ মহসীন হলে না ঢুকলেও মহসীন হল খেলার মাঠে অবস্থান গ্রহণ করেছে। সন্ধ্যা সাড়ে ৭টার দিকে হলে ছাত্ররা বাবলু হত্যার বিচার দাবী করে বিভিন্ন শ্লোগান দিয়ে একটি মিছিল বের করে। মিছিলটি হলের ভেতরে এবং বাইরে প্রদক্ষিণ করে। ঘটনার পর থেকে রিপোর্ট লেখা পর্যন্ত ক্যাম্পাসে থমথমে ভাব বিরাজ করছিল।

মহসীন হলে বোমা বিস্ফোরণ ছাত্র নেতা নিহত : আহত ৩

৥ স্টাফ রিপোর্টার ৥

গতকাল দুপুর আড়াইটায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মহসীন হলের একটি কক্ষে বোমা বিস্ফোরণের ফলে কক্ষে উপস্থিত জাতীয়তাবাদী ছাত্রদের সাধারণ সম্পাদক জনাব মাহবুবুল হক বাবলু (২৮) নিহত এবং অপর ৩ জন মারাত্মক আহত হয়েছেন। আহত মঙ্গনুদ্দিনের বা হাত কবজি পর্যন্ত কেটে ফেলতে হয়েছে। এছাড়া ইউসুফ এবং নূর মোহাম্মদ-এর অবস্থা এখনও আশংকাজনক। এরা সকলেই ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। দুর্ঘটনার পর পরই বাবলুকে পিজি হাসপাতালে নিয়ে যাওয়া হয় এবং সন্ধ্যা সোয়া ৬টায় তাকে মৃত ঘোষণা করা হয়।

আজ বাদ জোহর ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণে মাহবুবুল হক বাবলুর নামাজে জানাযা অনুষ্ঠিত হবে। প্রত্যক্ষদর্শীর বিবরণে জানা গেছে যে, বোমা বিস্ফোরণের সাথে সাথে ৪২৬ নম্বর কক্ষের মেঝেতে প্রায় দেড় ফুট ব্যাসের একটি ছিদ্রের সৃষ্টি হয়, কক্ষের সামনের দেয়াল, দরজা এবং ৪২৫ নম্বর কক্ষের মধ্যবর্তী দেয়ালও বিধ্বস্ত হয়। বোমার প্রচণ্ড বিস্ফোরণে আশপাশের অন্যান্য কক্ষের দেয়ালেও ফাটল সৃষ্টি হয়েছে। ঘটনার প্রায় তিন ঘণ্টা পর পুলিশ ঘটনাস্থলে এসে পৌঁছায়। সন্ধ্যা পৌনে ৭টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান, প্রোভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজ উদ্দিন এবং



গতকাল মহসীন হলে বোমা বিস্ফোরণে নিহত ছাত্র নেতা বাবলুর লাশ—ইনকিলাব হলের প্রভোস্ট প্রফেসর এস, এম, এ, ফায়োজকে সাথে নিয়ে পুলিশের কয়েকজন কর্মকর্তা দুর্ঘটনা কবলিত কক্ষ পরিদর্শন করেন। উল্লেখ করা যেতে পারে, ঘটনার সাথে সাথেই ছাত্ররা কক্ষ দু'টি পরিষ্কার পরিচ্ছন্ন করে ফেলে। এই শেষ পৃ: ৫-এর কঃ দেখুন

পিজি হাসপাতালে নিহত বাবলুর লাশ দেখতে যান ভিসি প্রফেসর আবদুল মান্নান, জাতীয়তাবাদী দলের চেয়ারম্যান বেগম খালেদা জিয়া, জনাব ওবায়দুর রহমান ও শাহীনা খান প্রমুখ দলীয় নেতৃবৃন্দ এবং কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের অন্যতম নেতা জনাব আখতারুজ্জামানসহ বিভিন্ন ছাত্র নেতা। বাবলুর লাশ এই রিপোর্ট লেখা পর্যন্ত হস্তান্তর করা হয়নি। জাতীয়তাবাদী ছাত্রদল সভাপতি জনাব আসাদুজ্জামান রিপন পিজি হাসপাতালে সাংবাদিকদের জানান যে, নিহত বাবলু ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের শেষ পর্ব এমএ (পরিষ্কারী) ছাত্র ছিলেন। বিবাহিত বাবলু দুর্ঘটনার মাত্র মিনিট দশেক আগে স্ত্রী নাজসহ মহসীন হলে আসেন এবং কিছুক্ষণ পরই নাজু তাঁর হলে (শামসুন্নাহার হল) ফিরে যান। ঘটনার আকস্মিকতায় নাজু অবহিত হওয়ার সাথে সাথে মুছা যান। একটি সূত্রে জানা গেছে, খবর পেয়ে বাবলুর ছোট ভাই নীরুও মুছা যান। নীরু মহাখালীতে এক আত্মীয়ের বাড়ীতে অবস্থান করছেন। উল্লেখ করা যেতে পারে, নিহত মাহবুবুল হক বাবলু, নরসিংদী জেলার মনোহরদী উপজেলার কিস্তিবাদী গ্রামের বাসিন্দা ছিলেন। দুর্ঘটনায় আহত অপর তিন জনের মধ্যে মঙ্গনুদ্দিন বরিশাল বিএম কলেজ থেকে বিএ পাস করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এমএ ক্লাসে ভর্তি হতে এসেছিলেন। অপর আহত ইউসুফও এবার উচ্চ মাধ্যমিক পাস করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তিচ্ছু। নূর মোহাম্মদের বিস্তারিত পরিচয় জানা সম্ভব হয়নি।

খোজ নিয়ে জানা গেছে, ৪২৬ নম্বর কক্ষটি জুর্নেক আউয়াল-এর নামে বরাদ্দ। বাবলুর নিজের কক্ষ হচ্ছে একই হলের ৪৫৮ নম্বর। তিনি মাঝে মাঝে পূর্বোক্ত কক্ষে বিশ্রাম নিতে আসতেন বলে জানা গেছে। উল্লেখ করা যেতে পারে, হলের ৪ তলায় অবস্থিত ৪২৬ নম্বর কক্ষটি হলের দক্ষিণ-পশ্চিম কোণে এক রহমান হল সংলগ্ন।

ছাত্র দলের ভাষা
জাতীয়তাবাদী ছাত্র দলের সভাপতি জনাব আসাদুজ্জামান রিপন গতকাল এক বিবৃতিতে মহসীন হলে বোমা বিস্ফোরণের জন্য সরকার সমর্থিত ছাত্র সংগঠনকে দায়ী করেছেন। বিবৃতিতে তিনি বলেন যে, গণতান্ত্রিক আন্দোলনকে নস্যাৎ করার হীন উদ্দেশ্যে ছাত্র নেতা বাবলুকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে। সেলিম, দেলোয়ার ও বসুনিয়া হত্যা এবং বাবলু হত্যা কোন বিচ্ছিন্ন ঘটনা নয় বলে তিনি উল্লেখ করেন। তিনি সকল গণতান্ত্রিক শক্তিকে ঐক্যবদ্ধভাবে সরকারী দমননীতি প্রতিরোধের আহ্বান জানিয়েছেন।

সংগ্রামী ছাত্র জোট
সংগ্রামী ছাত্র জোট এ ঘটনার জন্য সরকার সমর্থিত ছাত্র সংগঠনকে দায়ী করে এদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানিয়েছে। এছাড়াও ছাত্র লীগ (জলিল), গণতান্ত্রিক ছাত্র লীগ, ছাত্র লীগ (মীরাজ) পৃথক পৃথক বিবৃতিতে এ ঘটনার জন্য সরকার সমর্থকদের দায়ী করেছে।

৫ দল
কেন্দ্রীয় ৫ দলীয় ঐক্যজোট বাবলু হত্যার